

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৭.২০২২-৩১৫


তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ  
০৫ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

সূত্র: ৩৭.০৮.০০০০.৫০১.১৬.০০৫.২০.৪৮, তারিখ: ০৬.০৪.২০২২

বিষয়: কিশোরগঞ্জ জেলার বাজিতপুর উপজেলাধীন কৈলাগ ইউনিয়ন নিম্ন মাধ্যমিক বিদ্যালয় এর স্থান পরিবর্তন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার বাজিতপুর উপজেলাধীন কৈলাগ ইউনিয়ন নিম্ন মাধ্যমিক বিদ্যালয়টি বর্তমানে কুকরারাই মৌজাস্থিত আর. এস ২৯৬৭ দাগে পরিচালিত হয়ে আসছে। শিক্ষা প্রতিষ্ঠানটি হাওড় বেষ্টিত হওয়ায় অপেক্ষাকৃত উচ্চ জমিতে স্থাপন প্রয়োজন। অত্র ইউনিয়নে উচ্চ বিদ্যালয় স্থাপনের লক্ষ্যে একই গ্রামের শিক্ষানুরাগী জনাব লোকমান হোসেন ও আরজু মিয়া ১৯৯৫ সালে আর.এস ৮৪১, ৮৩৮, ২৯১৫, ৫২৯, ১৩০৭, ৮৩৬, ২৯৩০, ৮৩৯ দাগে ১২৪ (একশত চব্বিশ) শতাংশ ভূমি শিক্ষা সচিব বরাবরে একখানা স্বত্বার্পন দলিল রেজিস্ট্রি করে দেন।

২। এমতাবস্থায়, জনস্বার্থে কৈলাগ ইউনিয়ন নিম্ন মাধ্যমিক বিদ্যালয়টি শিক্ষা সচিব বরাবর হস্তান্তরিত ভূমিতে স্থানান্তর করার বিষয়ে নির্দেশক্রমে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো।



(মোঃ মিজানুর রহমান)

উপসচিব

ফোন: ৯৫৪৫০৩২

nongovt.secondary.sec1@shed.gov.bd

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৭.২০২২-৩১৫

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ  
০৫ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।

৩। জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ।


৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ।

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৬। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৭। প্রধান শিক্ষক, কৈলাগ ইউনিয়ন নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, বাজিতপুর, কিশোরগঞ্জ।

৮। অফিস কপি।



(মোঃ মিজানুর রহমান)

উপসচিব